দৈনিক ইনকিলাব

তারিখ ... JUL 13 1999

পৃষ্ঠা ৪ কলাম ৩

# মাদ্রাসা শিক্ষা বন্ধের ষড়যন্ত্রের নিন্দা ও প্রতিবাদ অব্যাহত

**ইনকিলাব রিপোর্ট ঃ** দেশের কয়েকশ' মাদ্রাসার স্বীকৃতি প্রত্যাহার এবং এমপিওভুক্তি বন্ধ করায় ইসলামপ্রিয় মানুষের মাঝে ক্ষোভের সৃষ্টি হয়েছে। তারা এটাকে বর্তমান সরকারের ইসলামবিরোধী ষড়যন্ত্র হিসেবে আখ্যায়িত করে সরকারের উক্ত সিদ্ধান্তের নিন্দা ও প্রতিবাদ জানিয়ে বিবৃতি ও বিভিন্ন অফিসে স্মারকলিপি প্রদান করছেন। বিভিন্ন ব্যক্তি ও সংগঠনের পক্ষ থেকে এখনও নিন্দা ও প্রতিবাদ অব্যাহত রয়েছে। এ সম্পর্কে আমাদের সংবাদদাতাদের পাঠানো প্রতিবেদন নিম্নে প্রকাশিত হল–

### তালামীযে ইসলামের উদ্বেগ

**মৌলভীবাজার জেলা সংবাদদাতা ঃ** বাংলাদেশ আঞ্জুমানে তালামীযে ইসলামিয়া মৌলভীবাজার জেলা শাখার সভাপতি ও সম্পাদক যথাক্রমে সিরাজুল ইসলাম ও বশির আহমদ এক যুক্ত বিবৃতিতে আওয়ামী লীগ সরকার দেশের প্রায় ৪/৫শ' মাদ্রাসার স্বীকৃতি প্রত্যাহার ও এমপিওভুক্তি বন্ধ করে দেয়ায় গভীর উদ্বেগ প্রকাশ করে বলেছেন, আওয়ামী লীগ সরকার ক্ষমতাসীন হয়ে ইসলাম ও মাদ্রাসা শিক্ষাকে দেশ থেকে চিরতরে ধ্বংসের বিভিন্নমুখী পাঁয়তারা চালিয়ে আসছে। এর আগে কওমী মাদ্রাসার ছাত্র-শিক্ষককে বিভিন্নভাবে গ্রেফতার ও হয়রানি করেছে। এখন দ্বিতীয় পদক্ষেপ হিসেবে সরকারী অনুদানে পরিচালিত মাদ্রাসাসমূহকে বন্ধ করার পদক্ষেপ ইসলাম ও কোরআন শিক্ষাকে চিরতরে দেশ থেকে ধ্বংস করারই নামান্তর। বিবৃতিতে তারা আরো বলেন, সরকারের স্মরণে থাকা উচিত ইসলাম, ইসলামী শিক্ষা এবং মুসলমানদের বিরুদ্ধে কোন ষড়যন্ত্রই কোনকালে সফল হয়নি। আল্লাহর হুকুমে সফল হতে পারবেও না।

### চৌমুহনীতে শিবিরের বিক্ষোভ মিছিল

**বেগমগঞ্জ থেকে নিজস্ব সংবাদদাতা ঃ** বর্তমান সরকার [illegible] সারাদেশে কয়েক হাজার মাদ্রাসার স্বীকৃতি ও অনুদান বন্ধের প্রতিবাদে সম্প্রতি ইসলামী ছাত্র শিবির চৌমুহনী শহর শাখার উদ্যোগে এক বিক্ষোভ ও প্রতিবাদ সভা অনুষ্ঠিত হয়। শহর সভাপতি জামাল উদ্দিনের সভাপতিত্বে প্রতিবাদ সভায় বক্তব্য রাখেন নোয়াখালী জেলা (উত্তরের) সভাপতি আফম আয়াজ, সেক্রেটারী দেলোয়ার হোসেন, সাংগঠনিক সম্পাদক ওমর ফারুক প্রমুখ। সভায় শিবির নেতৃবৃন্দ বলেন, শেখ হাসিনার সরকার কর্তৃক সারাদেশে অসংখ্য মাদ্রাসার স্বীকৃতি ও অনুদান বন্ধের সিদ্ধান্তই প্রমাণ করে যে বর্তমান সরকার ইসলামবিরোধী। এই সিদ্ধান্ত প্রত্যাহার না করলে ইসলামপ্রিয় জনতা আলেম-ওলামাদের নেতৃত্বে এ সরকারকে পতন করে ছাড়বে। সভা শেষে এক বিশাল বিক্ষোভ মিছিল চৌমুহনীর বিভিন্ন সড়ক প্রদক্ষিণ করে।

### কলারোয়ার জাসাসের প্রতিবাদ সমাবেশ

**কলারোয়া (সাতক্ষীরা) নিজস্ব সংবাদদাতা ঃ** ক্ষমতাসীন আওয়ামী লীগ কর্তৃক বিরোধী দলীয় নেত্রী খালেদা জিয়া, উপনেতা বদরুদ্দোজা চৌধুরীর সম্পর্কে কটুক্তি, গণবিরোধী বাজেট এবং মাদ্রাসা শিক্ষা বন্ধের ষড়যন্ত্রের প্রতিবাদে জাসাস কলারোয়া থানা শাখা এক বিক্ষোভ সমাবেশের আয়োজন করে। গত ৬ জুলাই স্থানীয় বিএনপি কার্যালয়ে অনুষ্ঠিত বিক্ষোভ সমাবেশে সভাপতিত্ব করেন স্থানীয় জাসাস আহবায়ক ফারুক আহমেদ। প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন কৃষক দলের কেন্দ্রীয় সাংগঠনিক সম্পাদক সাবেক সংসদ হাবিবুল ইসলাম। অন্যান্যের মধ্যে বক্তব্য রাখেন বিএনপি থানা আহবায়ক অধ্যাপক বজলুর রহমান, তোফাজ্জেল আশরাফ বাচ্চু প্রমুখ নেতৃবৃন্দ।

### বড়লেখা থানা জমিয়াতুল মুদার্রেছিনের বিক্ষোভ মিছিল ও স্মারকলিপি প্রদান

**প্রেস বিজ্ঞপ্তি ঃ** বাংলাদেশ জমিয়াতুল মোদার্রেছিনের বড়লেখা থানা শাখা আয়োজিত সমাবেশে বক্তারা বলেছেন, শতকরা ৯০ ভাগ মুসলমান অধ্যুষিত দেশের বেশ কিছু মাদ্রাসার স্বীকৃতি প্রত্যাহার, এমপিওভুক্তি বাতিল এবং শিক্ষক-কর্মচারীদের বেতন বন্ধ করা সংক্রান্ত সরকারের সাম্প্রতিক সিদ্ধান্ত দেশের ইসলামী শিক্ষা ব্যবস্থা ধ্বংসের একটি সুপরিকল্পিত ষড়যন্ত্রের ফসল। বক্তারা অবিলম্বে যেসব মাদ্রাসার স্বীকৃত প্রত্যাহার ও মে '৯৯ থেকে শিক্ষক-কর্মচারীদের বেতন বাতিলের আদেশ দেয়া হয়েছে তা প্রত্যাহারের আহবান জানান।

বিশিষ্ট আলেমে দ্বীন মাওঃ সৈয়দ আতাউর রহমানের সভাপতিত্বে অনুষ্ঠিত সমাবেশে বক্তব্য রাখেন মাওঃ ফয়জুর রহমান, মাওঃ আব্দুস সবুর, মাওঃ ইব্রাহীম আলী, মাওঃ হেলাল উদ্দিন, মাওঃ আলিম উদ্দিন প্রমুখ।

সভাপতির বক্তব্যে মাওঃ আতাউর রহমান বলেন, দেশের প্রচলিত আইনে যদি কোন প্রতিষ্ঠান বা শিক্ষক অভিযুক্ত হয়, তাহলে তা নিরপেক্ষ তদন্তপূর্বক বিধি-বিধান মোতাবেক ব্যবস্থা নেয়া যেতে পারে? থানা পর্যায়ের একজন কর্মকর্তার এক তরফা পরিদর্শন রিপোর্টের ভিত্তিতে এ ধরনের সিদ্ধান্ত গ্রহণ সম্পূর্ণ অযৌক্তিক ও অমানবিক।

সমাবেশের পর মাওঃ আব্দুল কাইয়ুম, মাওঃ ফয়জুর রহমান ও মাওলানা মঈন উদ্দিনের নেতৃত্বে শিক্ষকমণ্ডলীর এক মিছিল থানা নির্বাহী কর্মকর্তার অফিসে গিয়ে থানা নির্বাহী কর্মকর্তার মাধ্যমে শিক্ষামন্ত্রীর বরাবরে এক স্মারকলিপি প্রদান করে।

### গাজীপুর জেলা শাখা ইসলামী ঐক্যজোটের নিন্দা

**প্রেস বিজ্ঞপ্তি ঃ** মাদ্রাসা শিক্ষা বন্ধের ষড়যন্ত্র, ডাস্টবিনে ও পুকুরে পবিত্র কোরআন শরীফ নিক্ষেপ, পাদুকায় আল্লাহ মোবারকের নাম ইত্যাদি ইসলামবিরোধী সকল কর্মকাণ্ডের প্রতিবাদে তীব্র নিন্দা জানিয়ে এক যুক্ত বিবৃতি প্রদান করেছেন ইসলামী ঐক্যজোট, গাজীপুর জেলার চেয়ারম্যান মাওঃ শাহ মোঃ হাফিজ উদ্দীন নূরী, ভাইস চেয়ারম্যান মাওঃ আব্দুল মান্নান, গাজীপুরী ও মাওঃ হাবিবুর রহমান নিয়াজি, মহাসচিব আলহাজ হযরত মাওঃ কেরামত আলী, যুগ্ম মহাসচিব মাওঃ ফজলুর রহমান মুন্সী, দপ্তর সচিব মোঃ আঃ মালেক।

বিবৃতিদাতাগণ বলেন যে, বর্তমান ক্ষমতাসীন আওয়ামী সরকারের আমলে পবিত্র কোরআন ও ইসলামবিরোধী সকল কর্মকাণ্ড অতীতকে হার মানিয়েছে। এ সমস্ত কর্মকাণ্ডের জন্য বর্তমান সরকারকে দায়ী করে অবিলম্বে সরকারের পদত্যাগের দাবী জানান।

### বাগেরহাটে শিবিরের প্রতিবাদ

**বাগেরহাট জেলা সংবাদদাতা ঃ** মাদ্রাসার স্বীকৃতি প্রত্যাহার, এমপিওভুক্তি বাতিল ও বেতন বন্ধের প্রতিবাদে বাগেরহাট জেলা ছাত্র শিবির শাখা শহরে এক বিক্ষোভ মিছিল ও প্রতিবাদ সভার আয়োজন করে। বিক্ষোভ মিছিলটি শহরের গুরুত্বপূর্ণ সড়ক পদক্ষিণ শেষে কালেক্টরেট ভবন চত্বরে এক প্রতিবাদ সমাবেশ করে। সমাবেশে বক্তৃতা করেন শিবিরের জেলা সভাপতি মোহাম্মদ ইকবাল হোসাইন, অফিস সম্পাদক হুমাউন কবির, আল আমীন, মিজানুর রহমান, শফিউল্লাহ, নাজমুল শাহাদাত, আব্দুর রাজ্জাক প্রমুখ।

বক্তারা বলেন, ভারতের তাঁবেদার সরকার দেশের ধর্মহীন শিক্ষা চালু করে দেশকে আইয়ামে জাহেলিয়াতের মত অন্ধকারে নিক্ষেপ করতে চায়। বক্তারা বলেন, অবিলম্বে সরকার মাদ্রাসা শিক্ষা বন্ধ করার যে সিদ্ধান্ত নিয়েছে তা প্রত্যাহার না করলে এদেশে ধর্মপ্রাণ ছাত্রজনতা সরকারের বিরুদ্ধে কঠোর আন্দোলন শুরু করবে।